

FL5

“মূসক দিব জনে জনে  
অংশ নিব উন্নয়নে”



ভ্যাট সম্পর্কে জানতে ফোন করুন

১৬৫৫৫



I AM  
VAT  
SMART  
ARE  
YOU?

প্রথম প্রকাশ: নভেম্বর ২০১৬

জনকল্যাণে রাজ্য



জাতীয় রাজ্য বোর্ড  
অভ্যর্তীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

VAT Smart হতে ভিজিট করুন  
[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)  
[www.nbrelearning.gov.bd](http://www.nbrelearning.gov.bd)  
[facebook.com/VATOonlineBD](https://facebook.com/VATOonlineBD)



## নিবন্ধন/তালিকাভুক্তি

মূল্য সংযোজন করে ব্যবস্থায় যেকোন আমদানিকারক, রঞ্জনি-কারক বা করযোগ্য সরবরাহ প্রদানকারীকে মূসক ব্যবস্থার সাথে সম্পৃক্ত হতে হয়। মূসক ব্যবস্থার সাথে এই সম্পৃক্তিকেই নিবন্ধন বা তালিকাভুক্তি বলা হয়। নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তিকে তার পরিচিতি নম্বর হিসেবে ৯ অংকের একটি ব্যবসায় সনাক্তকরণ নম্বর (Business Identification Number - BIN) প্রদান করা হয়।

## নিবন্ধিত বা তালিকাভুক্তি কেন প্রয়োজন

- করযোগ্য পণ্য বা সেবার ব্যবসায় করার জন্য।
- ব্যবসায়ের আইনগত বৈধতা লাভের জন্য।
- মূসক আদায় ও পরিশোধ করার জন্য।
- রেয়াত গ্রহণ ও ফেরত প্রাপ্তির জন্য।
- ব্যবসার ভাবমূর্তি প্রতিষ্ঠার জন্য।

## ব্যবসায় সনাক্তকরণ নম্বরের ব্যবহার

- ব্যাগেজ ও ব্যক্তিগত আমদানি ব্যতীত অন্য সকল আমদানি রঞ্জনির ক্ষেত্রে।
- নিবন্ধন বা তালিকাভুক্ত ব্যক্তির নামে ভূমি বা ভবন নিবন্ধনের ক্ষেত্রে।
- উৎসে কর্তনকারী সত্ত্বার নিকট সরবরাহ প্রদানের ক্ষেত্রে।
- কোনো টেক্ডারে অংশগ্রহণের ক্ষেত্রে।
- বড় লাইসেন্স অনুমোদনের ক্ষেত্রে।
- নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির অনুকূলে ব্যাংক খণ্ড অনুমোদনের ক্ষেত্রে।

## কে নিবন্ধিত বা তালিকাভুক্ত হবেন?

- কোনো ব্যক্তির করযোগ্য অর্থনৈতিক কার্যক্রমের বাংস-রিক টার্নওভার ৩০ লক্ষ টাকার ওপর হতে ৮০ লক্ষ টাকা পর্যন্ত হলে তাকে তালিকাভুক্ত হতে হবে।
- কোন ব্যক্তির বাংসরিক টার্নওভার ৮০ লক্ষ টাকা অতিক্রম করলে তাকে নিবন্ধিত হতে হবে।

## কখন নিবন্ধিত/তালিকাভুক্তির প্রয়োজন নেই

- কোনো ব্যক্তি শুধু অব্যাহতিপ্রাপ্ত অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা করলে তার নিবন্ধন বা তালিকাভুক্তির প্রয়োজন নেই।
- কোনো ব্যক্তির করযোগ্য অর্থনৈতিক কার্যক্রমের বাংস-রিক টার্নওভার ৩০ লক্ষ টাকার নিম্নে হলে তার নিবন্ধন বা তালিকাভুক্তির প্রয়োজন নেই।

## নিবন্ধন বা তালিকাভুক্তির জন্য

### প্রয়োজনীয় দলিলাদি

- নিবন্ধন বা তালিকাভুক্তির জন্য আবেদনের সময় আলাদাভাবে কোন দলিলাদি দাখিলের প্রয়োজন নেই।
- মূসক-২.১ ফরমে (ক্ষেত্রবিশেষে ফরম মূসক-২.১ এর মাধ্যমে নিবন্ধন গ্রহণের পর মূসক-২.২ ফরমে) আবেদন দাখিল করতে হবে।

## নিবন্ধন বা তালিকাভুক্তির ফরম (মূসক-২.১)

### পূরণে প্রয়োজনীয় তথ্য

- করদাতার নাম।
- করদাতার ইটিআইএন।
- করদাতার নিবন্ধনের ঠিকানা।
- ব্যাংক একাউন্ট সংক্রান্ত তথ্য।
- বার্ষিক টার্নওভার।
- উৎস কর্তন সংক্রান্ত তথ্য।
- কোন তারিখ হতে নিবন্ধন বা তালিকাভুক্তি প্রযোজ্য।
- পরিচালক, অংশীদার বা স্বত্ত্বাধিকারীর নাম, পদবী, স্থায়ী ঠিকানা, শেয়ার (%), এনআইডি ও ইটিআইএন ইত্যাদি।

## কোথায় যাবেন

- মূসক অফিসে না গিয়ে অফিসে বা ঘরে বসেই জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব পোর্টাল হতে অনলাইনে নিবন্ধন নেওয়া যাবে।
- কাণ্ডজে আবেদনের ক্ষেত্রে নিকটবর্তী মূসক কমিশনারেট বা বিভাগীয় দপ্তরে আবেদন জমা প্রদান করা যাবে।

## কত খরচ করতে হবে

- আবেদন যাচাই, তথ্য প্রক্রিয়াকরণ ও নিবন্ধনপত্র জারি সম্পূর্ণ বিনামূল্যে করা হবে।

## নিবন্ধন প্রাপ্তির সময়সীমা

- অনলাইনে দাখিলকৃত আবেদনের সকল তথ্য যথাযথ থাকলে তাৎক্ষণিকভাবে।
- কাণ্ডজে আবেদনের ক্ষেত্রে আবেদন দাখিলের কোনো আবেদনের ০৩ (তিনি) কার্যদিবসের মধ্যে।
- ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন নিবন্ধনের জন্য বিবেচিত হবে না।

## নিবন্ধন সংক্রান্ত তথ্য পরিবর্তন

- ব্যবসায়ের স্থান পরিবর্তন ব্যতীত অন্যান্য ক্ষেত্রে নিবন্ধন সংক্রান্ত তথ্যের পরিবর্তন হলে পরিবর্তনের ১৫ (পনের) দিনের মধ্যে ফরম মূসক-২.৬ এর মাধ্যমে কমিশনারকে অবহিত করতে হবে।
- ব্যবসায়ের স্থান সংক্রান্ত তথ্যের পরিবর্তন হলে পরিবর্তনের অন্ত্যন ১৫ (পনের) দিন পূর্বে ফরম মূসক-২.৭ এর মাধ্যমে কমিশনার বরাবর আবেদন করতে হবে।
- অনলাইনে প্রযোজনীয় তথ্য পরিবর্তন করা যাবে।

## নিবন্ধন/তালিকাভুক্তি সংশ্লিষ্ট ফরমসমূহ

বিবরণ	ফরম নং	ব্যবহারের ক্ষেত্র
কেন্দ্রীয় নিবন্ধন/ তালিকাভুক্তি	মূসক-২.১	এটি নিবন্ধন বা তালিকাভুক্তির সাথৰণ ফরম। সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এ ফরম ব্যবহার করতে হবে।
শাখা নিবন্ধন	মূসক-২.২	কোনো অর্থনৈতিক কার্যক্রমের যদি একাধিক শাখা ইউনিট থাকে এবং এর প্রত্যেকের হিসাব ও আর্থিক বিবরণী আলাদা হয় তাহলে প্রথমে মূসক-২.১ এ সামরিক অর্থনৈতিক কার্যক্রমের জন্য একটি নিবন্ধন গ্রহণ করে পরবর্তীতে প্রতিটি শাখা ইউনিটের জন্য মূসক-২.২ ফরমে আলাদাভাবে আবেদন করে শাখা ইউনিটের জন্য নিবন্ধন গ্রহণ করতে হবে। এটি ব্যতিক্রমী ক্ষেত্রে প্রযোজ্য।
মূসক নিবন্ধন পত্র/ তালিকাভুক্তি পত্র	মূসক-২.৩	মূসক নিবন্ধন বা টার্নওভার কর তালিকাভুক্তি সনদপত্র।
নিবন্ধন বাতিলের আবেদন	মূসক-২.৪	নিবন্ধন/ তালিকাভুক্তি বাতিল, নিবন্ধন হতে তালিকাভুক্তি বা তালিকাভুক্তি হতে নিবন্ধন গ্রহণ।
চূড়ান্ত দাখিলপত্র	মূল্য	সংযোজন কর নিবন্ধন/ টার্নওভার কর তালিকাভুক্তি বাতিলের পূর্বে চূড়ান্ত দাখিলপত্র।
তথ্য পরিবর্তন	মূসক-২.৬	নিবন্ধন/তালিকাভুক্তির পর তথ্যের পরিবর্তন বা নতুন তথ্য সংযোজনের ক্ষেত্রে কমিশনারকে অবহিতকরণ।
ব্যবসায়ের স্থান পরিবর্তনের জন্য আবেদন	মূসক-২.৭	ব্যবসায়ের নিবন্ধন বা তালিকাভুক্তির স্থান পরিবর্তনের আবেদন।



এ বিষয়ে বিস্তারিত জানতে দেখুন BL3

বিদ্র.

BO = BOOK, BL = BOOKLET, FL = FLYER